

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৭৬

তারিখঃ ১০/০২/২০২০খ্রিঃ

বিষয়ঃ সুফলভোগীদের ছবি আপলোড করাসহ অস্পষ্ট ছবি পরিবর্তন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র যাবতীয় কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়। নিয়মিত তদারকির অংশ হিসেবে কর্মসূচি সদর দপ্তর হতে সুফলভোগীদের তথ্য যাচাইকালে দেখা যায় যে, কোন কোন ক্ষেত্রে সমিতিতে সদস্য ভর্তি করে ছবিসহ অন্যান্য তথ্য আপডেট/হালনাগাদ না করেই ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে আবার কোন কোন ক্ষেত্রে অনলাইন ডাটাবেইজ এ সুফলভোগী সদস্যের অস্পষ্ট রঞ্জিণ/সাদাকালো/দ্বৈত ছবি বিদ্যমান। ইতঃপূর্বে অস্পষ্ট রঞ্জিণ/সাদাকালো/দ্বৈত ছবির স্থলে সদ্য তোলা রঙিন ছবি প্রতিস্থাপন করার নির্দেশনা দেয়া হলেও তা যথাযথভাবে প্রতিপালন করা হয়নি। এমতাবস্থায়, সদস্য ভর্তির ক্ষেত্রে ছবিসহ অন্যান্য তথ্য হালনাগাদপূর্বক ঋণ কার্যক্রম পরিচালনা করাসহ বিদ্যমান স্পষ্ট রঞ্জিণ/সাদাকালো/দ্বৈতছবি চিহ্নিত করে আগামী ০১/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সদ্যতোলা উন্নত রেজুলেশনের রঞ্জিণ ছবি প্রতিস্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এক্ষেত্রে কোনরূপ অজুহাত গ্রহণযোগ্য হবে না এবং নির্দেশনা পরিপালনে ব্যর্থ কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

10.02.20

আল-আমিন

সহকারী পরিচালক(উন্নয়ন)

০২-৮১৮৯০৩১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি... (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ১০/০২/২০২০খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. কর্মসূচি পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৭. অফিস নথি/ গার্ড ফাইল।

আল-আমিন

সহকারী পরিচালক(উন্নয়ন)